
আলোছায়ার আঁচলখানি লুটিয়ে পড়ে বনে বনে,
ফুলগুলি ওই মুখে চেয়ে কী কথা কয় মনে মনে ॥
তোমায় মোরা করব বরণ, মুখের ঢাকা করো হরণ,
ওইটুকু ওই মেঘাবরণ দু হাত দিয়ে ফেলো ঠেলে ॥



# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৯

## অক্টোবর ২০২৪

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengali Association, Delhi

DATE OF PUBLISHING
7th OCTOBER 2024

ASSOCIATION SAMBAD OCTOBER 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1919@gmail.com

www.bengalassociation.com

শুভ শারদীয়া

# সম্পাদকের কলমে

**“স্বপনে বাজেগো বাঁশী**
**নয়নে নয়নে তবুও কেমনে, দেখি যে আলোর রাশি.....”**

পুরাতন চাঁদ, আজ আবার ধরা দিলো নূতন সাজে, হৃদয়ে জাগলো ভালোবাসার সাধ। অরুণ প্রভাতে, অমল মহিমা লয়ে এসে মেঘমন্দ্র কন্ঠস্বরে আর মন উজান করা সুর মূর্চ্ছনায়, “আশ্বিনের শারদ প্রাতে” উচ্চারণ, সকল বাঙালির কানে কানে গুঞ্জরিত হয়ে, আকাশে বাতাসে ছড়িয়ে গেলো, শুভক্ষণ ফিরে পাওয়ার আনন্দে। বুকের ভেতর সযত্নে লালিত শৈশবের সুখস্মৃতি নিয়ে ঘিরে থাকা, মহিষাসুর মর্দিনীর স্তোত্র পাঠ, শ্রবণের সঙ্গে কল্পনার মেল বন্ধনে, আরও একবার হৃদয় ছুঁয়ে গেলো আপামর বাঙালীর। সাঁজ সকাল মন মাতাল হয়ে, চারপাশে যেনো এক অনন্য অনুভূতি। মোহন মধুর হাসির মতো আগত উৎসবের আঙিনায়, শিউলি ফুলের গন্ধমাখা ঘ্রাণে, কাশ ফুলের বর্ণময় শোভায় আর নীল আকাশে সাদা মেঘের ভেলায়, আনন্দ উচ্ছ্বাসে, ঘরের মেয়ে উমাকে বরণ করে নেওয়ার প্রস্তুতি, শুরু হলো আবার।

মহালয়ার ভোর এলেই, মন উড়ে চলে ছোটবেলার দিনগুলোয়। পুরনো নস্টালজিক সেই স্মৃতি বেয়ে, হারিয়ে যাওয়া বাবার কন্ঠস্বর, সহসা জেগে ওঠে প্রাণে। পুরাতন আমলের কাঠের বেতার যন্ত্র, ভোরের আলো ফুটে ওঠার আগেই হঠাৎ সচল হয়ে বাবার কোমল স্বর ও স্পর্শ ছুঁয়ে যেতো আমার ঘুমন্ত শরীর। ঘুম ঘুম চোখে বিছানায় শরীরটা সামান্য এলিয়ে দিয়ে কান পেতে শুনতাম, বীরেন্দ্র কিশোর মহাশয়ের কন্ঠে চন্ডীপাঠ। আলোর বেনু বেজে উঠে মন্ত্রপাঠ ও গানে, দশপ্রহরণধারিণী অভয়াশক্তি বলপ্রদায়িনীকে স্মরণ করে, জেগে ওঠার আবাহন জানানো হতো ঠিকই কিন্তু ওই টুকুন বয়সে, আমার ক্লান্ত শরীর, ঢুলু ঢুলু ঘুমন্ত চোখ, খুব বেশিক্ষণ ধরে, আমাকে জাগিয়ে রাখতে সক্ষম হতো না। পাশের ঘর থেকে যখন আবার মায়ের ডাক ভেসে আসতো, “কি রে শুনছিস তো?” হঠাৎ ঝেড়ে মেরে বিছানায় উঠে বসতাম, কানে তখন ভেসে আসতো




'দিগন্ত' ও 'দিগঙ্গন' মিলিয়ে
বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাহিত্য পত্রিকা
এবারে পঞ্চাশে পা রেখেছে।

সুবর্ণজয়ন্তী'র অভিনন্দন সকলকে।

সমবেত স্বরে, জয় জয় জপ্য জয়ে গানের প্রায় শেষ অংশ, “কনকলসৎকল সিন্ধুজলৈরনুষিঞ্চতি তে গুণরঙ্গভুবং..” অনুভূতির শাশ্বত মরুদ্দ্যানে, এইসব স্মৃতি সত্যিই এক সুখানুভব বটে।

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং কার্যনির্বাহী সমিতির তরফ থেকে, আমাদের গর্বের প্রতিষ্ঠানের সকল সদস্য, তাঁদের পরিবারবর্গ এবং পৃথিবীর নানা প্রান্তে বসবাসরত মনে প্রাণে সকল বাঙালিকে, আসন্ন “দুর্গাপুজার” অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইলো। উৎসবের প্রত্যেকটা দিন, সকলেই তাঁদের পরিবার এবং বন্ধুবর্গের সাথে আনন্দে কাটান।

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

গত ৩রা, ৪ঠা এবং ৬ই সেপ্টেম্বর বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্বাস্থ্য ও সমাজসেবা কমিটি বিশেষ উদ্যোগে এবং BLK ম্যাক্স হসপিটালের সহযোগিতায়, আমাদের সহযোগী স্কুল, ইউনিয়ন একাডেমি, লেডি আরউইন এবং বিনয় নগর স্কুলে, ছাত্রছাত্রীদের নিয়ে তিনটি কর্মশালা সাফল্যের সাথে আয়োজন করা হয়েছিলো।

ইউনয়ন একাডেমি স্কুলে অনকোলজি ডিপার্টমেন্ট-এর ডাক্তার শুভ্রা রাইনা বাচ্চাদের “তামাক, সিগারেট, গুটকা ও অন্যান্য নেশার দুষ্পরিণাম” বিষয়ে জানান। লেডি আরউইন স্কুলে গাইনেকোলজিস্ট, ডাঃ প্রেরণা সিনহা, “যৌবনারম্ভ/বয়ঃসন্ধি (Puberty) সময়ের অসুবিধা, স্বাস্থ্যবিধি (Sanitation) এবং স্বাস্থ্যব্যবস্থা (Health System)” বিষয়ে ছাত্রীদের সাথে আলোচনা করেন। বিনয় নগর স্কুলে, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট ডাঃ এস নারায়ণ এবং ডাঃ চিত্রা শর্মা “সোশ্যাল মিডিয়া ও মোবাইলের দুষ্প্রভাব” বিষয়ে ছাত্রছাত্রীদের অবহিত করেন।

আগামী ৮ই অক্টোবর, বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্বাস্থ্য ও সমাজসেবা কমিটির বিশেষ উদ্যোগে, ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি এবং করোলবাগ


BLK-MAX
Super Specialty Hospital
TAKE CARE OF YOUR HEALTH
BEFORE IT'S TOO LATE
BENGAL ASSOCIATION, DELHI, BLK-MAX HOSPITAL
AND KAROL BAGH PUJA SAMITI
ORGANISE A FREE HEALTH CHECK UP CAMP
AT THE KAROL BAGH PUJA PANDAL
PLEASE JOIN HANDS WITH US


BE THERE
FOR SOMEONE ELSE !
BECAUSE
EVERY DROP OF BLOOD
IS LIKE A BREATH!
BENGAL ASSOCIATION, DELHI,
INDIAN REDCROSS SOCIETY &
KAROL BAGH PUJA SAMITI
ORGANISE A BLOOD DONATION CAMP
AT THE KAROL BAGH PUJA PANDAL
PLEASE JOIN HANDS WITH US
FOR A NOBLE CAUSE

পূজা সমিতির সাথে যৌথভাবে একটি রক্তদান শিবিরের আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উক্তদিনে করোলবাগ পূজা সমিতির প্যান্ডেলে সকাল সাড়ে দশটা থেকে দুপুর চারটে পর্যন্ত, রক্তদান ও স্বাস্থ্য শিবিরের ব্যবস্থা থাকবে।

আগামী ২৬শে অক্টোবর, বেঙ্গল অ্যাসোসিয়েশনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, "বিজয়া সম্মেলনী" অনুষ্ঠান উপলক্ষে, একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে। সেদিন অনুষ্ঠান শেষে প্রথাগতভাবে মিষ্টিমুখের মাধ্যমে এই সান্ধ্যকালীন অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটবে। বিশদে জানতে আমাদের ফেসবুক পেজ এবং ওয়েবসাইটে নজর রাখার অনুরোধ জানাই।

# আনন্দ সংবাদ

রাজধানী দিল্লির জনপ্রিয় কবি শ্রী প্রাণজি বসাক, ওনার সাহিত্য সেবায় এবং সৃষ্টিকর্মে বঙ্গ-বহির্বঙ্গ এবং বাংলাদেশেও জনপ্রিয়তা কুড়িয়েছেন। সম্প্রতি উনি ওনার এই অবদানের স্বীকৃতি স্বরূপ, ছত্তিশগড়ের ভিলাই দুর্গ এর খুকু দুলাল সমাদ্দার ফাউন্ডেশন এবং বঙ্গীয় সাহিত্য সংস্থার তরফ থেকে আয়োজিত একটি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বছরের "খুকু সমাদ্দার স্মৃতি পুরস্কার" প্রাপক হিসাবে সম্মানিত হয়েছেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনাকে আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা জানাই।

# বিশেষ সংবাদ

Le Rythme এবং চিত্তরঞ্জন পার্ক মেলা গ্রাউন্ড দুর্গা পূজা সমিতির যৌথ উদ্যোগে শুরু হয়েছে প্রাক্ দুর্গাপূজা উপলক্ষ্যে, বিশেষভাবে সক্ষম বাচ্চাদের নৃত্যের মাধ্যমে সাংস্কৃতিক প্রতিযোগিতা 'অন্বেষণ' শুরু হয়। এই প্রতিযোগিতার দ্বিতীয় দিনে, বিশেষভাবে সক্ষম বাচ্চাদের জন্য যন্ত্রসংগীত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল যা সত্যিই অভাবনীয় এবং প্রশংসনীয়। এই প্রতিযোগিতা উপলক্ষ্যে, সেরার সেরা বিজয়ীকে "রিনি মুখার্জী এক্সেলেন্স অ্যাওয়ার্ড" পুরস্কারে ভূষিত করা হবে।


শুভ বিজয়া
এবং দীপাবলির
আগাম শুভেচ্ছা

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ২০ থেকে ২৯ সেপ্টেম্বর, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি আয়োজিত বইমেলা সম্পন্ন হয়েছে। এই উপলক্ষ্যে ২৭ সেপ্টেম্বর শুক্রবার বিকেলে, নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলন এবং উন্মুক্ত উচ্ছ্বাস লিটারেরি সোসাইটি যুগ্মভাবে একটি সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান তথা কবিতা মেলার আয়োজন করেছিলো। পশ্চিমবঙ্গে ঘটনার পরিপ্রেক্ষিতে এই কবিতা মেলার মুখ্য বিষয় হিসাবে ছিলো প্রতিবাদী কবিতা। রাজধানী দিল্লির বহু নামকরা সাহিত্যিক এবং কবি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন। সঙ্গীত ও নৃত্যে সমগ্র অনুষ্ঠানটি এক মনোরম পরিবেশের সৃষ্টি করে, উপস্থিত দর্শক মহলে খুশির আবহ সঞ্চার করে।

গত ২৮শে সেপ্টেম্বর, শনিবার, চিত্তরঞ্জন পার্কের বিপিন পাল অডিটোরিয়ামে, গানের তরী সাংস্কৃতিক গোষ্ঠীর দশম বর্ষপূর্তি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। সেদিনের বৈকালিক অনুষ্ঠানে, কবিতা, নাট্যাংশ ও নৃতনাট্যাংশের মধ্য দিয়ে রবিসৃষ্ট অসাধারণ কিছু চরিত্রকে মেলে ধারার চেষ্টা করেছেন বিশিষ্ট অংশগ্রহণকারীরা। এই অনুষ্ঠানে বিশেষ সহযোগিতা প্রদান করেছেন প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট, হাজারীবাগ।

গত ২রা অক্টোবর সন্ধ্যায়, দক্ষিণ দিল্লি কালীবাড়ির বিশেষ উদ্যোগে, কালীবাড়ি প্রাঙ্গণে, প্রাক্ শারদ অনুষ্ঠান হিসাবে, মহালয়ার পুণ্যলগ্নে, "শারদীয়া পূজার আড্ডা" শীর্ষক একটি সান্ধ্যকালীন আসরে, বাংলা গান, ভিন্ন স্বাদের কবিতা, রাজধানী দিল্লির পুজো স্মৃতি/প্রবণতা এবং দুর্গা পূজায় সময় অনুষ্ঠিত যাত্রাপালার প্রসঙ্গ নিয়ে, রাজধানী শহরের বিশিষ্ট ব্যক্তিগণ সুচারু উপস্থাপনায় উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠানটি একাগ্রকরণে ছিলেন, "প্রবাসে বাংলার গান" সংস্থার কর্ণধার নবারুণ ভট্টাচার্য্য এবং সংস্থার সদস্যবৃন্দ।


beyondbounds
THE SECOND
INTERNATIONAL
DOCUMENTARY
& SHORT FILM
FESTIVAL 2024
ORGANISED BY
BENGAL ASSOCIATION
NEW DELHI
13,14 & 15 DECEMBER 2024
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001
ফুটপাথে খা
ফুঁ-দিয়ে খা
BENGALI
STREET FOOD
FESTIVAL
7th & 8th DECEMBER 2024
BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG
GOLE MARKET
NEW DELHI 110001

# রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৫ই অক্টোবর, রাজধানী শহরের অন্যতম স্বেচ্ছাসেবী সংস্থা পূর্ব দিগন্ত ফাউন্ডেশন, অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে তাদের পঞ্চম বার্ষিকী সাঙ্গীতিক অনুষ্ঠান "মাতৃরূপেন সংস্থিতা" উদ্‌যাপন করতে চলেছে। সামাজিক দায়বদ্ধতার প্রতি পূর্বদিগন্তের প্রতিশ্রুতি অব্যাহত রেখে এই বিশেষ প্রতিযোগিতা, কেবলমাত্র সমাজের দুর্বল শ্রেণীর তরুণ প্রতিভাকে ক্ষমতায়নের একটি প্ল্যাটফর্ম হিসাবে আয়োজনের মধ্যে দিয়ে এই মূহুর্তে এখন একটি দেশব্যাপী ইভেন্টে পরিণত হয়েছে। এই বিশেষ যাত্রাপথে, শুরু থেকে ১০০ জনেরও বেশি অংশগ্রহণকারী এই সঙ্গীতযাত্রার অংশ নিয়ে, নগদ পুরষ্কার এবং অন্যান্য স্বীকৃতি  পেয়েছে। এই বছরে অতিথি উপস্থিতি হিসাবে কলকাতার খ্যাতিমান গায়িকা সমদীপ্তা মুখার্জী, অংশগ্রহণকারীদের উৎসাহিত ও অনুপ্রাণিত করতে এই বিশেষ অনুষ্ঠানে যোগ  দেবেন।

আগামী ৬ই অক্টোবর, দিল্লির মিলনী কালচারাল অ্যান্ড ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন বিশেষভাবে উদ্যোগ নিয়েছেন একটি পোস্টার প্রতিযোগিতার আয়োজনের। এই বিশেষ পোস্টার প্রতিযোগিতার আয়োজন সর্ব সাধারণের জন্য এবং সকল বয়সের জন্য। আগে এলে আগে সুযোগ এই ভিত্তিতে, সর্বাধিক ২০০ জনের নাম নথিভুক্ত করার সুযোগ থাকছে। বিজয়ীদের জন্য পুরস্কার হিসাবে নগদ টাকা দেওয়া হবে। উদ্যোক্তারা জানিয়েছেন, মোট নগদ পুরস্কারের অর্থমূল্য ২৫ হাজার টাকা। প্রতিযোগিতার বিষয়ে বিশদে জানতে, যে কোনো বয়সের উৎসাহীরা, নিচের পোস্টারে চোখ রাখতে পারেন এবং প্রয়োজনে উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করে নিতে পারেন।




আপনি কি নতুন বাড়ি নির্মাণের কথা ভাবছেন?
অথবা একঘেয়েমি কাটিয়ে, নতুনত্বের ছোঁয়া পেতে, আপনার পুরানো ফ্ল্যাটটিকে, একটু মনের মতো করে সাজিয়ে গুছিয়ে নিতে চাইছেন?
যেকোনো প্রয়োজনে, অভিজ্ঞ ব্যক্তির পরামর্শ নিন। শীঘ্র যোগাযোগ করুন:-
ঈগল সলিউশন +91 92051 42077, 9810878141
Architect Plan, Interior Design Retrofitting & Renovation, Moduler Kitchen is our Specializations

# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেই সমস্ত সংবাদ প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।




BENGAL ASSOCIATION
NEW DELHI
শারদ
শুভেচ্ছা

বেরোচ্ছে না কে বলেছে ?
তা কখনো হয় ?
বেরোবে এবার ক'দিন পরে,
সবার মন করবে জয়।

তবে উৎসব সংখ্যা নামেতে নয়
বেরোবে সুবর্ণজয়ন্তী সংখ্যা নামে।
আর ক'টা দিন ধৈর্য ধরুন,
দিগঙ্গন উঠছে এবার জমে।

দিগঙ্গনের পঞ্চাশ বছর,
তাই একটু দেরি
লেট হয়েছে বোলে আমরা
ভেরি ভেরি সরি।






আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com


অঙ্কুর
ankur
মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।
A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW !
paytm
Accepted Here
PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.
FOR FURTHER INFORMATION




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**